দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 9 AUG 1989
পৃষ্ঠা ... 5 কলাম 8

030

# রাজবাড়ীতে দুটি সরকারী বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্লাস বর্জন চলছে

রাজবাড়ী, ৭ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।--রাজবাড়ী জেলা সদরের সরকারী বালক-বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাদের শিক্ষকের শূন্য পদ পুরণের জন্য গত ২ দিন ধরে ক্লাস বর্জন করছে। আজও তারা বিক্ষোভ মিছিল করেছে।

গত ১০বছর যাবৎ এ দু'টি স্কুলে সহকারী প্রধান শিক্ষক-সহ ২০ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

আজ ছাত্ররা তাদের দাবীর সমর্থনে জেলা প্রশাসকের অফিস ঘেরাও করে স্মারকলিপি প্রদান করে।